অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/20/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল দ্রুত সম্প্রসারণশীল অগ্রসর প্রস্তুতকরণ খাতে চাকরির প্রশিক্ষণ এবং ক্যারিয়ারের সমর্থনের জন্য 200 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করতে মুখ্য কর্মটি বিকাশ কর্মসূচি "অন-র্যাম্প" এর সূচনা করলেন

নিউ ইয়র্কের বিকাশমান অগ্রসর প্রস্তুতকরণ শিল্পখাতে অধিক দক্ষতার কর্মীদের ক্রমবর্ধমান প্রয়োজন পূরণ করতে অর্থবছর 2025 এর প্রণীত বাজেট উদ্যোগ পুরো আপস্টেটে আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র তৈরি করে

গভর্নর হোকল আজকে তার সিগনেচার আঞ্চলিক অগ্রসর প্রস্তুতকরণ অংশীদারিত্বের জন্য এক নেটওয়ার্ক (One Network for Regional Advanced Manufacturing Partnerships, ON-RAMP) কর্মসূচির সূচনা ঘোষণা করলেন, এটি একটি 200 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ যা আপস্টেট নিউ ইয়র্কের কৌশলী অধিক প্রভাবের অবস্থানে চারটি নতুন কর্মশক্তি বিকাশ কেন্দ্রের একটি নেটওয়ার্কের অর্থায়ন ও বাস্তবায়নে সাহায্য করবে, যা তিনি তার অর্থবছর 2025 এর প্রণীত বাজেটের অংশ হিসেবে প্রথম ঘোষণা করেন। উচ্চমানের, চাহিদাসম্পন্ন দক্ষতার প্রশিক্ষণ এবং সেমিকন্ডাক্টরের মতো অধিক বিকাশমান অগ্রসর প্রস্তুতকরণ শিল্পখাতের ক্যারিয়ার গঠন করতে নিউ ইয়র্কবাসীর যে দক্ষতা প্রয়োজন তা দ্বারা তাদের ক্ষমতায়নের জন্য প্রয়োজনীয় র্যাপঅ্যারাউন্ড সেবা প্রদান করতে কেন্দ্রগুলি শিল্পখাত, শিক্ষা, সামাজিক সেবা, এবং সম্প্রদায়ের সংগঠনকে একত্রিত করবে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) কর্মসূচিটি তৈরি করেছে এবং এর ব্যবস্থাপনা করবে।

"নিউ ইয়র্কের অর্থনৈতিক প্রতিযোগিতায় টিকে থাকা হলো আমাদের অসাধারণ কর্মশক্তির ফলাফল, যারা প্রতিদিন উদ্ভাবন করতে, তৈরি করতে, এবং কী সম্ভব সেই সীমা লঙ্ঘন করতে প্রতিদিন প্রচেষ্টা করে," **গভর্নর হোকল বলেন।** "আমার ON-RAMP কর্মসূচিটি প্রস্তুতকরণে বিনিয়োগের জন্য অনুঘটক হিসেবে কাজ করতে আমাদের আপস্টেট সম্প্রদায়সমূহে সংস্থান একত্রিত করে, এবং এটি ইতিমধ্যেই আমাদের স্টেটে আগত ভবিষ্যতের শিল্পখাতের হাজার হাজার চাকরি নিউ ইয়র্কবাসীদেরকে প্রদান করছে।"

আরো তিনটি ON-RAMP কেন্দ্রের জন্য নির্বাচিত হতে এবং একটি সম্পূর্ণ ব্যবসা ও বাস্তবায়ন পরিকল্পনা তৈরি করতে পরিকল্পনা অনুদান পেতে এখন অঞ্চলগুলি ESD এর ওয়েবসাইট থেকে আবেদন করতে পারবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট বুদ্ধিমান, অধিক প্রভাবের বিনিয়োগ ককর্কছে যা সকল নিউ ইয়র্কবাসীর জন্য সুযোগের অর্থনীতি সম্প্রসারিত করতে তৈরি করা হয়েছে। উদ্ভাবনী ON-RAMP কর্মসূচিটি নিউ ইয়র্কে আমরা সফলভাবে যে বিকাশমান শিল্পখাতসমূহে আকৃষ্ট করছি তাদের প্রয়োজনের সাথে দক্ষতা এবং প্রশিক্ষণ দিয়ে আমরা 'উন্নত করছি' এমন একটি কর্মশক্তির অংশীদারিত্ব করে দেয় যাতে তারা আগামীদিনের চাকরিতে সফল হতে পারে।"

স্টেটের সিনেটর শন রায়ান বলেন, "নিউ ইয়র্কে একটি বিকাশমান অগ্রসর প্রস্তুতকরণ শিল্পখাত রয়েছে এবং ভালো বেতনের এইসব চাকরির পদ পূরণ করার জন্য প্রয়োজনীয় কর্মশক্তি আমাদের কাছে আছে তা আমাদের অবশ্যই নিশ্চিত করতে হবে। এই কর্মীদের জন্য চাকরির প্রশিক্ষণ নিশ্চিত করবে যাতে নিউ ইয়র্ক আমাদের অর্থনীতিকে অগ্রসর করা অব্যাহত রাখতে পারে এবং সারা বিশ্বের প্রতিষ্ঠিত ব্যবসা ও স্টার্টআপকে আকৃষ্ট করার আমাদের প্রয়াসকে বহাল রাখতে পারে।"

অ্যাসেম্বলি সদস্য অ্যাল স্টির্পে বলেন, "নিউ ইয়র্কের অগ্রসর প্রস্তুতকরণ খাতের দ্রুত বিকাশ আমাদের আপস্টেটের কর্মশক্তিকে সফল হওয়ার জন্য প্রয়োজনীয় দক্ষতা নিয়ে সজ্জিত করার অতি গুরুত্বপূর্ণ চাহিদার উপর জোর প্রদান করে। র্যাপঅ্যারাউন্ড সেবা প্রদান করার মাধ্যমে পূর্বে অবহেলিত থাকা সম্প্রদায়সমূহে পৌঁছানোর সক্ষমতা শুধু সম্ভাব্য কর্মীর সংখ্যা বৃদ্ধি করে না, বরং ব্যক্তিদের প্রজন্মগত দারিদ্র্য থেকে বের হয়ে আসার সুযোগ প্রদান করে। গভর্নর হোকলের 200 মিলিয়ন মার্কিন ডলারের 'ON-RAMP' কর্মসূচির নেপথ্যের প্রয়াসের জন্য আমি গভীরভাবে কৃতজ্ঞ, যা এইসব ক্যারিয়ারকে সমর্থন করতে এবং আগামী বহু বছর ধরে আমাদের অঞ্চলকে বলীয়ান করতে চাকরির প্রশিক্ষণে একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ করবে। জেলায় মাইক্রনের আগমনের মাধ্যমে অগ্রসর প্রস্তুতকরণ শিক্ষায় এই মনোযোগ অন্য যেকোনো সময়ের থেকে বেশি অত্যাবশ্যকীয় কারণ সেমিকন্ডাক্টর শিল্পখাতের মধ্যকার সুযোগকে আমরা বরণ করে নিচ্ছি।"

অ্যাসেম্বলির সদস্য হ্যারি ব্রন্সন বলেন, "এটি বলতে পেরে আমি গর্বিত যে, গ্রেটার রচেস্টার সংখ্যাগরিষ্ঠ প্রতিনিধিদলে (Greater Rochester Majority Delegation) আমার সহকর্মীদের অ্যাডভোকেসি এবং অংশীদারিত্বের কারণে গভর্নর হোকল রচেস্টারকে ON-RAMP কর্মসূচির নতুন কর্মশক্তি বিকাশ প্রশিক্ষণ কেন্দ্রের অধিক প্রভাবের কৌশলী অবস্থানসমূহের একটি হিসেবে সনাক্ত করেছেন। অ্যাসেম্বলির শ্রমের (Assembly Labor) প্রধান হিসেবে আমি বিশ্বাস করি যে দারিদ্র্য হ্রাস করা এবং আমাদের পরিবারসমূহকে উন্নত করার একটি উপায় হিসেবে আমাদেরকে অবশ্যই কর্মশক্তির বিকাশকে অগ্রাধিকার দিতে হবে। অতি গুরুত্বপূর্ণ এই যে, চাকরির প্রশিক্ষণের পাশাপাশি র্যাপঅ্যারাউন্ড সেবা প্রদান করার মাধ্যমে ON-RAMP এছাড়াও পরিবহন, চাইল্ডকেয়ার, শিক্ষা এবং অন্যান্য সামাজিক সমর্থনের ক্ষেত্রে চাকরির প্রতিবন্ধকতা অপসারণ করবে। ঠিক এইভাবেই আমরা বাস্তবিকভাবে আমাদের অর্থনীতিতে সমতা বৃদ্ধি করছি।"

সেন্টারস্টেটের (CenterState) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা রবার্ট সিম্পসন বলেন, "গভর্নর হোকল উপলব্ধি করেছেন যে আমাদের কোম্পানিসমূহের সাফল্য এবং

সম্প্রদায়সমূহের সফল হওয়ার জন্য বিনিয়োগ প্রয়োজন যা নিশ্চিত করবে যাতে আরো বেশি সেন্ট্রাল নিউ ইয়র্কবাসীর কাছে অগ্রসর প্রস্তুতকরণ চাকরি অ্যাক্সেসিবল হয়। ON-RAMP কর্মসূচিটি ঠিক আমাদের এলাকাতেই অধিক বিকাশমান শিল্পখাতের জন্য চাকরির প্রশিক্ষণ নিয়ে আসবে, মানুষ যেখানে আছে সেখানেই তাদের কাছে পৌঁছে যাবে এবং নিশ্চিত করবে যাতে কর্মসংস্থানের সৃষ্টির ফলে আমাদের সম্প্রদায়সমূহে আরো সমতার সমৃদ্ধি হতে পারে।"

ON-RAMP চারটি নতুন কর্মশক্তি বিকাশ কেন্দ্র প্রতিষ্ঠা করবে, যার মধ্যে তিনটি প্রতিযোগিতার মাধ্যমে বাছাই করা হবে, এবং সেন্ট্রাল নিউ ইয়র্কের সিরাকিউজে একটি ফ্ল্যাগশিপ অবস্থান থাকবে। প্রতিযোগিতার মাধ্যমে বাছাই করা তিনটি কেন্দ্রের জন্য, ON-RAMP অনুদান তহবিলের আওতায় থাকবে:

- একটি আঞ্চলিক ON-RAMP কেন্দ্রের জন্য একটি ব্যবসা পরিকল্পনার বিকাশ করতে একটি পরিকল্পনা অনুদান;
- পাঠ্যসূচির বিকাশ এবং প্রশিক্ষণার্থীর সমর্থন সেবার ব্যবস্থা সম্পর্কিত পরিচালনা বিয়ের একটি অংশ; এবং
- অগ্রসর প্রস্তুতকরণের প্রশিক্ষণ প্রদানের সাথে সম্পর্কিত সংস্কার, সম্প্রসারণ, এবং/অথবা নির্মাণ ব্যয়ের জন্য মূলধন চাহিদার একটি অংশ।

ON-RAMP কেন্দ্রগুলি সম্পূর্ণভাবে টেকসই সত্তা হিসেবে প্রতিষ্ঠা করা হবে বলে প্রত্যাশা করা যাচ্ছে যার জন্য কেন্দ্রের বাস্তবায়নের তহবিলের পাঁচ বছরের মধ্যে ESD থেকে কোনো চলমান সমর্থন প্রয়োজন হবে না।

অন্যান্য নীতিমালার মধ্যে, চারটি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের প্রত্যেকটিকে অবশ্যই যা করতে হবে:

- অগ্রাধিকার পাওয়া জনগোষ্ঠীর জন্য অ্যাক্সেসিবল এবং সমতার পথ তৈরি করা;
- একটি পাঠ্যসূচি এবং প্রশিক্ষণের আদর্শ প্রদান করা যা অঞ্চলের মধ্যে আধুনিক প্রস্তুতকরণ চাকরির বিকাশের জন্য শিল্পখাতের প্রোজেকশনের প্রতিফলন করবে;
- পরিবর্তনশীল শিল্পখাতের এবং গতিশীল বৈশ্বিক বাজারের চাহিদা পূরণ করতে সেবার অভিযোজন দরকার জন্য নমনীয়তা প্রদান করা;
- দীর্ঘ মেয়াদি টেকসই চাকরির জন্য প্রবেশের পর্যায়ে এবং মধ্যম দক্ষতার কর্মী উভয়ের জন্য ক্যারিয়ারের পথ তৈরি করবে;
- কর্মসূচির অংশগ্রহণকারীদের জন্য র্যাপঅ্যারাউন্ড সমর্থন প্রদান করা;
- এবং কর্মসূচির সাফল্যের পরিমাপ করতে সাহায্য করার জন্য ফলাফল পর্যবেক্ষণ করা।

নিউ ইয়র্কের বিকাশমান সেমিকন্ডাক্টর শিল্পখাতের জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতি

একটি গতিশীল এবং উদ্ভাবনী সেমিকন্ডাক্টর শিল্পখাত বিকাশের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে একটি আধুনিক অর্থনীতি গঠনের প্রতি গভর্নর হোকল একটি দৃঢ় প্রতিশ্রুতি বজায় রেখেছেন। নিউ

ইয়র্ককে সেমিকন্ডাক্টর প্রস্তুতকরণের কেন্দ্র করতে, একবিংশ শতাব্দীর চাকরি তৈরি করতে এবং গুরুত্বপূর্ণ পরিবেশের সুরক্ষা বজায় রাখার পাশাপাশি অর্থনৈতিক প্রবৃদ্ধি শুরু করে দেওয়ার জন্য গভর্নর 2022 সালে নিউ ইয়র্কের ঐতিহাসিক সবুজ CHIPS বিধিমালায় স্বাক্ষর করেন। অর্থবছর 2024 এর প্রণীত বাজেটের অংশ হিসেবে, গভর্নরের সেমিকন্ডাক্টর সম্প্রসারণ, ব্যবস্থাপনা, এবং সমন্বয় অফিস (Governor's Office of Semiconductor Expansion, Management, and Integration, GO-SEMI) তৈরি করতে গভর্নর হোকল 45 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ নিশ্চিত করছেন, যা চিপ তৈরির খাত বিকাশ করার জন্য স্টেটব্যাপী প্রয়াসের নেতৃত্ব দিবে। 2023 সালের ডিসেম্বর মাসে, গভর্নর হোকল একটি 10 বিলিয়ন মার্কিন ডলারের সরকারি বেসরকারি অংশীদারিত্ব ঘোষণা করেন, যার মধ্যে রয়েছে ইন্টারন্যাশনাল বিজনেস মেশিন্স কর্পোরেশন (International Business Machines Corporation, IBM), মাইক্রন (Micron), অ্যাপ্লায়েড ম্যাটেরিয়ালস (Applied Materials), টোকিও ইলেক্ট্রন (Tokyo Electron) এবং অন্যান্য সেমিকন্ডাক্টর নেতৃবৃন্দ থেকে 9 বিলিয়ন মার্কিন ডলার বেসরকারি বিনিয়োগ রয়েছে, যা অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্সে (Albany NanoTech Complex) দেশের প্রথম এবং একমাত্র শিল্পখাতের অ্যাক্সেসিবল, হাই NA EUV লিথোগ্রাফি কেন্দ্র (High NA EUV Lithography Center) তৈরি করার মাধ্যমে নিউ ইয়র্কের ক্যাপিটাল রিজিয়নে অগ্রসর সেমিকন্ডাক্টর গবেষণার ভবিষ্যৎ নিয়ে আসবে। এই সকল প্রয়াস নিউ ইয়র্ককে উদ্ভাবনের শীর্ষ একটি অবস্থানে স্থাপন করবে যা মার্কিন যুক্তরাষ্ট্রের CHIPS এবং বিজ্ঞান আইনের অধীনে প্রতিষ্ঠিত তিনটি জাতীয় সেমিকন্ডাক্টর প্রযুক্তি কেন্দ্র (National Semiconductor Technology Center) ফ্যাসিলিটির একটিকে সমর্থন করার জন্য তৈরি হবে।

নিউ ইয়র্কে একটি বলীয়ান সেমিকন্ডাক্টর শিল্পখাত রয়েছে যা 150টির বেশি সেমিকন্ডাক্টর এবং সরবরাহ চেইন কোম্পানিকে সমর্থন করে যেখানে 34,000 এর বেশি নিউ ইয়র্কবাসী চাকরি করে। গভর্নর হোকলের প্রয়াসের কারণে, মাইক্রন, গ্লোবালফাউন্ড্রিজ (GlobalFoundries), অ্যাডভান্সড মাইক্রো ডিভাইসেস (Advanced Micro Devices, AMD), এডওয়ার্ডস ভ্যাকুয়াম (Edwards Vacuum), মেনলোমাইক্রো (MenloMicro) এবং TTM টেকনোলজিসের (TTM Technologies) মতো সেমিকন্ডাক্টর ব্যবসা এবং সরবরাহ চেইন কোম্পানি নিউ ইয়র্কে নিজেদের উপস্থিতি সম্প্রসারিত করতে যে মুখ্য বিনিয়োগ করছে তা পেয়ে শিল্পখাতটি বিকশিত হওয়া অব্যাহত রাখছে। প্রকৃতপক্ষে, বিগত দুই বছরে চিপ কোম্পানিসমূহ নিউ ইয়র্কের জন্য 112 বিলিয়ন মার্কিন ডলারের বেশি পরিকল্পিত বিনিয়োগ ঘোষণা করেছে যা অন্য যেকোনো স্টেটের থেকে বেশি, এবং মার্কিন যুক্তরাষ্ট্রে উৎপাদিত প্রতি চারটি চিপের মধ্যে একটি আপস্টেট নিউ ইয়র্কের 350 মাইলের মধ্যে উৎপাদিত হবে। দেশের অন্য কোনো অঞ্চলে অভ্যন্তরীণ উৎপাদনের এর থেকে বড় অংশ থাকবে না।

দেশের অর্থনৈতিক শক্তির জন্য সেমিকন্ডাক্টর অত্যাবশ্যকীয়, এটি আধুনিক ইলেকট্রনিক্সের মস্তিষ্ক হিসেবে কাজ করে, এবং মার্কিন যুক্তরাষ্ট্র রের অর্থনৈতিক বিকাশ, জাতীয় নিরাপত্তা, এবং বৈশ্বিক প্রতিযোগিতামূলক মনোভাবের জন্য অতি গুরুত্বপূর্ণ প্রযুক্তি সম্ভব করে। শিল্পখাতটি মার্কিন যুক্তরাষ্ট্রে প্রত্যক্ষভাবে 300,000 ব্যক্তিকে চাকরি প্রদান করে এবং 1.8 মিলিয়নের বেশি অতিরিক্ত অভ্যন্তরীণ চাকরিকে সমর্থন করে। সেমিকন্ডাক্টর হলো মার্কিন যুক্তরাষ্ট্রের শীর্ষ পাঁচ রপ্তানির একটি, এবং শিল্পখাতটি শ্রম উৎপাদনশীলতার এক নম্বর

অংশদাতা, যা খামার থেকে শুরু করে প্রস্তুতকরণ পর্যন্ত প্রায় প্রতিটি অর্থনৈতিক খাতের কার্যকারিতা ও দক্ষতার উন্নয়নকে সমর্থন করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন